

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়
সিজিএ ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

নং-০৭.০৩.০০০০.০০৩.১৪.৪০৮.১৬- ২৪ ৬

তারিখঃ ২২/১০/২০১৭ খ্রিঃ

পরিপত্র

বিষয় : সরকারি কর্মচারীদের অনলাইনে বেতন নির্ধারণ এর সাথে iBAS++ এ প্রদেয় বেতন এর integration প্রসঙ্গে।

জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর আদেশ গেজেট আকারে প্রকাশের পর সকল সরকারি চাকুরিজীবির জন্য বাধ্যতামূলকভাবে অনলাইন বেতন নির্ধারণ ব্যবস্থার প্রচলন করা হয়েছে। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের পরিপত্র নং-০৭.০০.০০০০.১০৩.১৮.০০১.১৫ (অংশ)-১৯২ তারিখঃ ০৯/০৫/২০১৬ অনুযায়ী অনলাইনে বেতন নির্ধারণ ব্যতিরেকে বেতন পরিশোধ স্থগিত করা হয়েছে। ফলে অনলাইনে বেতন নির্ধারণ না হলে বেতন পরিশোধের কোন সুযোগ নেই।

২। ইদানীং কোন কোন হিসাবরক্ষণ অফিসে iBAS++ এ প্রদেয় কর্মকর্তা/কর্মচারীর বেতন এর সাথে অনলাইনে নির্ধারিত বেতনের পার্থক্য পরিলক্ষিত হচ্ছে, যা অর্থ বিভাগের উক্ত পরিপত্রের পরিপন্থী।

৩। দ্রুততম সময়ের মধ্যে iBAS++ ও অনলাইন বেতন নির্ধারণ একত্রীভূত করা হবে, যাতে করে অনলাইন বেতন নির্ধারণ এবং iBAS++ এ প্রদেয় বেতনের মধ্যে পার্থক্য থাকলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বেতন বিল পাস করা সম্ভব হবে না।

এমতাবস্থায়, কর্মকর্তা/কর্মচারীর বেতন বিল পাসের ক্ষেত্রে iBAS++ ও অনলাইন বেতন নির্ধারণ এর মধ্যে কোন গরমিল থাকলে তা দ্রুততম সময়ের মধ্যে মিলকরণ করা আবশ্যিক। অন্যথায় কর্মকর্তা/কর্মচারীদের বেতন পরিশোধের ক্ষেত্রে কোন অনাকাঙ্খিত ঘটনা ঘটলে তার জন্য সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসের অফিস প্রধান দায়ী থাকবেন।

হিসাব মহানিয়ন্ত্রক মহোদয়ের অনুমোদনক্রমে।



(মোঃ কামরুল আলম)

অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি)

ফোন : ৯৩৬০৮৫৯।

কার্যার্থে প্রেরণ করা হলো :

১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

২। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস (সকল)।

৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

৪। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল)।

৫। অফিস কপি।

সকল উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়কে অবহিতকরণের
অনুরোধসহ।

নং-০৭.০৩.০০০০.০০৩.১৪.৪০৮.১৬- ২৪ ৬

তারিখঃ ২২/১০/২০১৭ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

{ দৃষ্টি আকর্ষণ : যুগ্ম সচিব, বাজেট-১ }

২। অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন/ হিসাব ও পদ্ধতি)।

৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিজিএ ভবন, ঢাকা।

৪। পিএস টু সিজিএ।



(সুমন কুমার শর্মা)

উপ হিসাব মহানিয়ন্ত্রক (হিসাব)

ফোন : ৪৯৩৪৯৮৪৪।

12.10.2017